

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০
www.bjsc.gov.bd

নং-১০.০৩.০০০০.০০৩.৩১.০০১.২৫-১০৫

তারিখ: ২৬ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

অষ্টাদশ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০২৫

১৮শ বিজেএস পরীক্ষা, ২০২৫-এর লিখিত পরীক্ষা সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
কেন্দ্রে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

আবশ্যিক সাধারণ ও আইন বিষয়সমূহ

ক্রম	বিষয়	তারিখ	দিন	সময়
১	সাধারণ বাংলা	২৫.০৪.২০২৬	শনিবার	অপরাহ্ন ২.৩০ ঘটিকা থেকে অপরাহ্ন ৫.৩০ ঘটিকা পর্যন্ত
২	সাধারণ ইংরেজি	২৬.০৪.২০২৬	রবিবার	
৩	বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়সমূহ	২৭.০৪.২০২৬	সোমবার	
৪	সাধারণ গণিত ও দৈনন্দিন বিজ্ঞান	২৮.০৪.২০২৬	মঙ্গলবার	
৫	দেওয়ানী মামলা সংক্রান্ত আইন	২৯.০৪.২০২৬	বুধবার	
৬	অপরাধ সংক্রান্ত আইন	৩০.০৪.২০২৬	বৃহস্পতিবার	
৭	পারিবারিক সম্পর্ক বিষয়ক আইন	০২.০৫.২০২৬	শনিবার	
৮	সাংবিধানিক আইন, জেনারেল ক্লজেস্ এ্যাক্ট ও আইনের ব্যাখ্যার ধারণা	০৩.০৫.২০২৬	রবিবার	
৯	সম্পত্তি সংশ্লিষ্ট অন্যান্য আইন	০৪.০৫.২০২৬	সোমবার	

ঐচ্ছিক আইন বিষয়সমূহ

ক্রম	বিষয়	তারিখ	দিন	সময়
১০	ঐচ্ছিক বিষয়-১ এবং ঐচ্ছিক বিষয়-২	০৫.০৫.২০২৬	মঙ্গলবার	অপরাহ্ন ২.৩০ ঘটিকা থেকে অপরাহ্ন ৫.৩০ ঘটিকা পর্যন্ত

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:

- প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষার দিন প্রবেশপত্রসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ছাড়া কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- লিখিত পরীক্ষার প্রশ্নপত্র বিতরণের ৩০ (ত্রিশ) মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না।
- পরীক্ষার্থীকে পরীক্ষা শুরু হওয়ার নির্ধারিত সময়ের অন্তত ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে কেন্দ্রে উপস্থিত হতে হবে।
- প্রবেশপত্রে সংযুক্ত ছবির সঙ্গে হাজিরা তালিকার ছবির মিল না থাকলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, ওয়ালেট/মানিব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক সামগ্রী/হাত ঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোনো ধরনের ডিভাইস সঙ্গে আনা বা রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।
- কোনো পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে, অন্য কোনোভাবে অসদুপায় অবলম্বন করলে বা কোনো অসদাচরণে লিপ্ত হলে তাকে সংশ্লিষ্ট পরীক্ষা ও পরবর্তী সকল পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে এবং তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রতিদিনের হাজিরা তালিকা, উত্তরপত্রসহ সকল প্রকার নথিতে পরীক্ষার্থীর স্বাক্ষর একই ধরনের হতে হবে।
- প্রশ্নপত্র বিতরণের পরবর্তী ১ (এক) ঘণ্টার মধ্যে কোনো পরীক্ষার্থী উত্তরপত্র জমা দিতে পারবেন না।
- কোনো পরীক্ষার্থী জরুরি প্রয়োজনে পরীক্ষা শুরুর প্রথম ১ (এক) ঘণ্টা অতিবাহিত হওয়ার পর দায়িত্ব পালনকারী পরিদর্শকের অনুমতি নিয়ে স্বল্প সময়ের জন্য পরীক্ষা কক্ষের বাইরে যেতে পারবেন।
- কোনো অনিবার্য কারণবশত পরীক্ষার সময়সূচি বাতিল কিংবা পরিবর্তন করা হতে পারে। এ ক্ষেত্রে সংশোধিত সময়সূচি বা নির্দেশনা কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- পরীক্ষার বিস্তারিত আসন বিন্যাস পরীক্ষা কেন্দ্রসমূহে এবং কমিশনের ওয়েবসাইটে ২৩ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখে প্রকাশ করা হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ তসলিম আরিফ)

পরীক্ষা নিয়ন্ত্রক (জেলা ও দায়রা জজ)

টেলিফোনঃ ০২-৪১০৫২২২১

ই-মেইলঃ secretary10bjsc@gmail.com